# শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাই স্কুল )

## • নিজে পড়ো (ষষ্ঠ শ্রেণি: বাংলা)

---

**পাঠ্য: মাটির ঘরে দেয়াল চিত্র**

**রচয়িতা: তপন কর** ( বই থেকে লেখক পরিচিতি পাঠ করবে )

**উৎস**: 'মাটির ঘরে দেয়াল চিত্র' প্রবন্ধের একটি সংকলিত ও সংক্ষেপিত অংশ।

**মূলভাব:** দেয়াল চিত্র মূলত আদিবাসী শিল্পরীতি। দৈনন্দিন জীবনযাত্রার মধ্য থেকে অঙ্কন এর বিষয়বস্তু সংগ্রহ ও প্রকৃতি থেকে উপাদান সংগ্রহ করে আদিবাসী মেয়েদের অসাধারণ শিল্পবোধ প্রকাশিত হয় এই শিল্পরীতির মাধ্যমে। মূলত জ্যামিতিক নকশা পদ্মের মোটিফ এর বিষয়।

**শব্দছক**:

| শব্দ | অর্থ | পদ | ব্যাকরণগত পরিচয় |
|---|---|---|---|
| নির্বাচন | বাছাই | বি. | নির্বাচিত ( বিণ.) |
| গৃহমার্জনা | ঘরদোর পরিষ্কার | বি. | গৃহসংস্কার ( সমা) |
| চালচিত্র | প্রতিমার পিছনে চিত্রিত পট | বি. | মূর্তির পেছনের পটভূমি ( সমা) |
| বিকশিত | প্রস্ফুটিত | বিণ. | বিকাশ (বি.) |
| উদীয়মান | যা উঠছে | বিণ. | অস্তায়মান ( বিপ.) |

**নমুনা প্রশ্ন ও উত্তর:**

**১/ অতি সংক্ষিপ্ত উত্তর ধর্মী প্রশ্ন: (২০ শব্দ)**

**১.১ আদিবাসীদের মধ্যে কোন গোষ্ঠী দেয়ালচিত্র অঙ্কনে অগ্রসর?**

**উত্তর:** পুরুলিয়া জেলা কে কেন্দ্র করে বিস্তীর্ণ অঞ্চলে বসবাসকারী সাঁওতাল গোষ্ঠীর মানুষরা দেওয়াল চিত্র অঙ্কনে অগ্রসর।

**১.২ পশ্চিমবঙ্গে গৃহ নির্মাণের ক্ষেত্রে মাটি কেন প্রধান উপকরণ বলা হয়েছে?**

**উত্তর:** বিশিষ্ট প্রাবন্ধিক তপন করের লেখা 'মাটির ঘরে দেওয়াল চিত্র' প্রবন্ধটি পড়ে জানা যায় পশ্চিমবঙ্গে মাটি সহজলভ্য হওয়ায় এখানে গৃহনির্মাণ এর প্রধান উপকরণ মাটি।

**১.৩ দেয়াল চিত্র করার জন্য কি কি উপকরণ ব্যবহৃত হয়?**

**উত্তর:** দেওয়াল চিত্র অঙ্কনে বেলেমাটি ( দুধেমাটি ) , আকাশী, সাদা, গেরুয়া, হলদে, নীল রং, গিরিমাটি, গিরিফল ইত্যাদি উপাদান ব্যবহৃত হয়।

**২/ <u>সংক্ষিপ্ত–উত্তর ধর্মী প্রশ্ন: (৬০ শব্দ)</u>**

**২.১ কোন অঞ্চলকে রাঢ়বঙ্গ বলে? এই অঞ্চলের কৃষিজীবী সম্প্রদায়ের গৃহ সংস্কার নীতি বর্ণনা করো।**

**উত্তর:** বিশিষ্ট প্রাবন্ধিক তপন করের লেখা 'মাটির ঘরে দেওয়াল চিত্র' (মূল গ্রন্থ– মাটির ঘরে দেওয়াল চিত্র সংকলন) প্রবন্ধটিতে রাঢ় বঙ্গের উল্লেখ পাওয়া যায়। ভাগীরথী নদীর পশ্চিম তীরস্থ বঙ্গদেশের অংশকে রাঢ়বঙ্গ বলে।

প্রধানত কালী পূজার অমাবস্যা তিথিতে রাঢ়বঙ্গের কৃষিজীবী মানুষেরা সমগ্র ঘরবাড়ি মেরামতি, ধোয়া মোছার পর গৃহাঙ্গণের প্রবেশদ্বার থেকে উঠোন, গোহাল, ধানের গোলা, মূল বাসগৃহ সর্বত্র আলপনা দিয়ে থাকে। সাধারণত লালচে গিরিমাটিতে গিরিফল চুবিয়ে গৃহদ্বার এর উপরে ও দুই পাশে ছাপ দিয়ে গৃহকে সজ্জিত করে।

**৩/ <u>রচনাধর্মী প্রশ্ন: (১৫০ শব্দ):</u>**

**<u>৩.১</u> "এভাবে মাটি থেকে ছ-ফুট পর্যন্ত উচ্চতায় চিত্রনটি বিস্তৃত হয়"- কোন সম্প্রদায়ের দেয়ালচিত্রে কথা বলা হয়েছে? দেয়াল চিত্র অঙ্কন পদ্ধতি নিজের ভাষায় লেখো।**

**উত্তর:** বিশিষ্ট প্রাবন্ধিক তপন করের লেখা "মাটির ঘরে দেয়াল চিত্র" (মূল গ্রন্থ: মাটির ঘরে দেওয়াল চিত্র সংকলন) প্রবন্ধের সাঁওতাল সম্প্রদায়ের দেয়াল চিত্রের কথা বলা হয়েছে।

কালীপূজা অর্থাৎ কার্তিকের অমাবস্যা তিথিতে সাঁওতাল সম্প্রদায়ের মানুষেরা গৃহমার্জনা ও অলংকরণ করে থাকেন। মূলত জ্যামিতিক আকার আশ্রিত বিভিন্ন বর্ণ সমাবেশে রচিতদেয়াল চিত্রে চওড়া রঙিন ফিতের মত সমান্তরাল রেখা এবং ত্রিভুজ ও চতুষ্কোণ এর বাহুল্যতা দেখা যায়। ত্রিভুজের মধ্যে ত্রিভুজ অঙ্কন করে বা চতুষ্কোণ এর মধ্যে চতুষ্কোণ বসিয়ে নকশা করা হয়। সাধারণত ঘরের চারদিক ঘিরে থাকা মূল বেদিটিকে কালো রং করে তার সমান্তরালে বিঘত খানের চওড়া গেরুয়ার একটি রেখা টেনে তার উপর সমান ছাড় দিয়ে আরেকটি সমান্তরাল কালো রেখা টানা হয়। এর উপর সাদা, আকাশি, গেরুয়া ও হলদে

রঙের রেখা দিয়ে চতুষ্কোণ বা ত্রিভুজ গুলি হতে পারে। সেগুলি পাশাপাশি বসে দেয়াল ভরিয়ে তোলে। আদিবাসী সমাজের অপরূপ শিল্পবোধের প্রকাশ ঘটে এই দেয়াল চিত্রের মাধ্যমে।

## নিজে করো:

**১/অতি সংক্ষিপ্ত প্রশ্ন: (কমবেশি ২০ শব্দ)**

**১.১ কোন অঞ্চলে দেয়াল চিত্র দেখা যায়?**

**১.২ কোন কোন আদিবাসী গোষ্ঠীর মধ্যে দেয়াল চিত্র দেখা যায়?**

**১.৩ ভূমিজ বা কুর্মি গোষ্ঠীর দেয়াল চিত্রের মূল বিষয় কি?**

**১.৪ দেওয়াল চিত্র অঙ্কনে কোন ধরনের দেয়াল কে বেছে নেওয়া হয়?**

**২/সংক্ষিপ্ত প্রশ্ন: (কমবেশি ৬০ শব্দ)**

**২.১ কিভাবে দুধে মাটির উপর দেয়াল চিত্র অঙ্কন করা হয়? এই দেওয়াল চিত্রে বিষয় হিসেবে কি কি থাকে?**

**২.২ বাংলার কৃষিজীবী সম্প্রদায় কোন তিথিতে বিভিন্ন উৎসব পালন করেন? তারা কিভাবে গৃহসজ্জা করেন?**

**৩/ রচনাধর্মী প্রশ্ন: (কমবেশি ১৫০ শব্দে)**

**৩.১ ভূমিজ ও কূর্মি সম্প্রদায়ের মানুষের আঁকা দেয়াল চিত্রের বৈশিষ্ট্য বর্ণনা করো।**

**বি.দ্র:-**

- **ছাত্র-ছাত্রীদের কোনো সমস্যা থাকলে তারা নির্দিষ্ট প্রশ্ন, নিজের নাম, শ্রেণি, ক্রমিক সংখ্যা ও ফোন নম্বর সহ নিচের মন্তব্য কোশ(comment box)-এ জানাও। আমরা সরাসরি যোগাযোগ করে নেবো।**